



STUDY MATERIAL
VIVEKANANDA COLLEGE
THAKURPUKUR
NAAC ACCREDITED GRADE-A

Topic: Three grades of Satta

Course Title: Outline of Indian Philosophy

Paper:CC3

Unit: Vedānta Philosophy

Semester:2nd

Name of the teacher: Pragya Bhattacharjee

Assistant professor, Dept. of Philosophy

শঙ্করাচার্যের মতে সত্ত্বা ত্রৈবিধ্যবাদ

অদ্বৈতবাদী শঙ্করাচার্য বেদান্ত দর্শনে তিন প্রকার সত্ত্বার কথা বলেছেন।

পারমার্থিক সত্ত্বা, ব্যবহারিক সত্ত্বা ও প্রাতিভাসিক সত্ত্বা

পারমার্থিক সত্ত্বা : অদ্বৈতবেদান্তী শঙ্করাচার্যের মতে সৎ চিৎ আনন্দস্বরূপ ব্রহ্মের পারমার্থিক সত্ত্বা বা সত্যতা রয়েছে। ব্রহ্ম ত্রিকাল অবাধিত। তাই সর্বকালাবাধিতত্ত্ব ই হল তাঁর বৈশিষ্ট্য। পারমার্থিক সত্ত্বা প্রসঙ্গে বলা হয় -“ত্রৈকালিকনিশেধাপ্রতিযোগীত্ব পারমার্থিকসত্ত্বা”। অর্থাৎ ত্রিকালে অবাধিত যে সত্ত্বা তাই পারমার্থিক সত্ত্বা। ব্রহ্মই একমাত্র পারমার্থিক সৎ।

ব্যবহারিক সত্ত্বা: শঙ্করাচার্য বলেন আমাদের জীবনে আমরা যে বাস্তব জগৎকে প্রত্যক্ষ করি, বাস্তবে যার অস্তিত্ব আছে বলে মনে করি, সেই জগত ব্যবহারিক সত্ত্বা রূপে স্বীকৃত। ব্রহ্মজ্ঞানেতরজ্ঞানাবাধ্যত্ব হল ব্যবহারিক সত্ত্বার লক্ষণ। নির্গুণ ব্রহ্মের জ্ঞান ব্যাতীত অন্য জ্ঞানের দ্বারা যে পদার্থের সত্ত্বা বাধিত হয় না, তাই হল ব্যবহারিক সত্ত্বা।

প্রাতিভাসিক সত্ত্বা: শঙ্করাচার্যের মতে স্বপ্ন অভিজ্ঞতা ও ভ্রম জ্ঞান বিষয়ক সত্ত্বা হল প্রাতিভাসিক সত্ত্বা। অর্থাৎ স্বপ্ন জ্ঞান বা ভ্রম জ্ঞানকে আপাত দৃষ্টিতে সৎ মনে হলেও বাস্তবে তাদের কোন অস্তিত্ব থাকে না। ব্রহ্মজ্ঞানেতরজ্ঞানবাধ্যত্ব হল প্রাতিভাসিক সত্ত্বার লক্ষণ। অর্থাৎ যে পদার্থ যতক্ষণ অস্তিত্বশীল ততক্ষণ প্রতীত হয়। এবং অপ্রতীত অবস্থায় একটি ক্ষণও থাকে না, সেই সত্ত্বাকেই প্রাতিভাসিক সত্ত্বা বলা হয়। স্বপ্নের অভিজ্ঞতা জাগ্রত অবস্থায় বাধিত হয় বলে তাকে সৎ বলা যায় না। আবার স্বপ্ন বা ভ্রমে বিষয়গুলো প্রতিভাত হয় তাই তাদের অসৎ বলা যাবে না। অর্থাৎ এই বিষয়গুলো সদসদ্বিলক্ষন বা মিথ্যা।

শঙ্করাচার্যের মতে স্বপ্ন অভিজ্ঞতার প্রাতিভাসিক সত্ত্বা ও ভ্রম জ্ঞানের বিষয়ের ব্যবহারিক সত্ত্বা আছে। আর ব্রহ্ম বা আত্মার পারমার্থিক সত্ত্বা আছে। শঙ্করাচার্য প্রদত্ত সত্ত্বা সংক্রান্ত এই অভিমতই সত্ত্বাত্রৈবিধ্যবাদ নামে পরিচিত।

তথ্য সূত্র

- ১/ ভারতীয় দর্শন; সেন দেবব্রত; পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষৎ
- ২/ ভারতীয় দর্শন; ভট্টাচার্য সমরেন্দ্র; বুক সিভিকিট প্রাইভেট লিমিটেড
- ৩/ ভারতীয় দর্শন; মুখোপাধ্যায় ফাল্গুনী; বিজয় পাবলিশিং হাউস
- ৪/ ভারতীয় দর্শন; বাগচী দীপক কুমার; প্রোগ্রেসিভ পাবলিশার্স

